

-১-

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পর্যাৱনিকাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

মডস জোন-৩

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৭.০৭.০৬৫.২৩ নথির বিষয়: Findout & Rising to Road Surface Level with Repair & Maintenance of Existing DMA Assets (SV, ARV, SV Chamber, ARV Chamber and Washout Chamber) at DMA- 302 Area under MODS Zone-3, Dhaka WASA. শীর্ষক কাজ করণ প্রসংগে।

নোট: ১ নোটের বিষয়: Findout & Rising to Road Surface Level with Repair & Maintenance of Existing DMA Assets (SV, ARV, SV Chamber, ARV Chamber and Washout Chamber) at DMA- 302 Area under MODS Zone-3, Dhaka WASA. শীর্ষক কাজের প্রকল্প অনুমোদন করণ প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ৭/৮/২৩ ৭:০৩ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন -৩ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ জোন। এই জোনের আওতাধীন ডিএমএ ৩০২ এলাকায় গণ্যমান্য ব্যক্তিবর্গের বসবাস। মডস জোন-৩ এর আওতাধীন ডিএমএ ৩০২ বায়তুল আমান হাউজিং, মনসুরাবাদ হাউজিং, কমফোর্ট হাউজিং ও সুনিবিড় হাউজিং এলাকা নিয়ে গঠিত। উক্ত এলাকা সমূহে প্রতিনিয়ত বহুতল ভবন নির্মিত হওয়ার পাশাপাশি বসবাসকারী জনসংখ্যা বেড়েই চলছে এবং অধিক ঘনবসতি পূর্ণ হওয়ায় এসকল এলাকায় পানির চাহিদা অন্যান্য এলাকার চেয়ে তুলনামূলক অনেক বেশি। উক্ত এলাকায় সারফেস ওয়াটার প্রবেশ করানোর কোনো সুযোগ না থাকায় শুধুমাত্র গভীর নলকূপের উত্তোলিত পানির উপর নির্ভর করিতে হয়। উক্ত এলাকা সমূহে পানি সরবরাহ স্বাভাবিক রাখার স্বার্থে স্লুইজ ভাল্বের মাধ্যমে রেশনিং করে পানি সরবরাহের প্রয়োজন হয়। পরিদর্শনে দেখা যায় স্লুইজ ভাল্ব, স্লুইজ ভাল্ব চেম্বার, এয়ার রিলিজ ভাল্ব ও ওয়াস আউট চেম্বার রাস্তার কার্পেটিংয়ের নিচে চলে গিয়াছে। ভাল্ব ও চেম্বার সমূহ রাস্তার কার্পেটিংয়ের নিচে চলে যাওয়ার কারনে সংশ্লিষ্ট এলাকাগুলোতে সুষ্ঠু পানি সরবরাহ, ব্যবস্থাপনা/রক্ষনাবেক্ষন কার্যক্রম ব্যাহত হয়। ভাল্ব ও চেম্বার সমূহ দীর্ঘদিন রাস্তার নীচে পড়ে থাকলে এগুলি নিয়মিত অপারেট করা যায়না, ফলে এর ডিস্ক সমূহে আয়রন জমে এবং মরিচা ধরে নষ্ট হয়ে যাচ্ছে। এতে এর স্পিডল ক্ষতিগ্রস্ত হয়ে ডিস্ক পড়ে গেলে সরবরাহ লাইনের পানি প্রবাহ বন্ধ হয়ে যায়। ফলে পানি সরবরাহ ব্যবস্থায় প্রচণ্ড সমস্যার সৃষ্টি হয়। তাই উল্লেখিত এলাকায় সুষ্ঠু পানি সরবরাহের স্বার্থে কার্পেটিংয়ের নিচে ঢাকা পড়া ভাল্ব খুঁজে বের করা এবং স্লুইচ ভাল্ব চেম্বার সহ অন্যান্য চেম্বার সমূহ রাস্তার সমতল পর্যন্ত উঠু করণ কাজগুলো করা একান্ত প্রয়োজন। এতে প্রয়োজন অনুযায়ী স্লুইস ভাল্ব সমূহ কন্ট্রোল করে পানি সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক রাখা সম্ভব হবে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ৭/৮/২৩ ৭:০৪ অপরাহ্ন

উপরিউক্ত বর্ণনার আলোকে মডস জোন -৩ এর আওতাধীন ডিএমএ-৩০১, ডিএমএ-৩০৩ এলাকায় পানির লাইনের বিদ্যমান কার্পেটিংয়ের নিচে ঢাকা পড়া ভাল্ব খুঁজে বের করা এবং স্লুইচ ভাল্ব চেম্বার সহ অন্যান্য চেম্বার সমূহ রাস্তার সমতল পর্যন্ত উঠুকরণ কাজ করার লক্ষ্যে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট ২,৭৯,০০১.৪৬৮ (দুই লক্ষ উনানিশি হাজার এক দশমিক চার ছয় আট) টাকা মাত্র। আলোচ্য কাজটি বিশেষ ধরনের হওয়ায় তা বাস্তবায়নের জন্য উক্ত কাজে অভিজ্ঞ ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রয়োজন। সে মোতাবেক কাজটি ঢাকা ওয়াসার তালিকাভুক্ত অভিজ্ঞ ঠিকাদারের মাধ্যমে সম্পাদনের নিমিত্তে পিপিআর-২০০৮ এর বিধি ৬৩(১) অনুযায়ী e-GP প্রক্রিয়ায় সীমিত দরপত্র পদ্ধতি (LTM)-তে সম্পন্ন করা যেতে পারে। কাজটি মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- B-13.3 এ অন্তর্ভুক্ত আছে (সংযুক্তি ক্র: নং-০১ দ্র:)। e-GP প্রক্রিয়ায় আলোচ্য কাজের দরপত্র আহবানের জন্য CPTU প্রণীত Standard Tender Document e-PW2b অনুসরণে দরপত্র প্রণয়ন করা হবে। প্রসঙ্গত উল্লেখ্য যে, উক্ত ক্রয় কাজটি সম্পাদনে Procuring Entity (PE) হিসেবে নির্বাহী প্রকৌশলী, মডস জোন-৩, দায়িত্ব পালন করবেন এবং ক্রয়কারী কর্তৃক ক্রয় কাজের দরপত্র প্রণয়ন, দরপত্র আহবানের, NOA ইস্যু এবং চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনা সম্পাদিত হবে। অনুমোদিত APP মোতাবেক এবং ঢাকা ওয়াসার ২০০৬ সালের অনুমোদিত Sub-DoFP অনুযায়ী আলোচ্য ক্রয় কাজটির চুক্তি

অনুমোদনের ক্ষমতা “তত্ত্বাবধায়ক প্রকৌশলী” মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৩):

১। ২০২৩-২৪ ইং অর্থ বছরের মডস জোন-৩ এর অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

-২-

২। হিসাব বিবরণী।

৩। প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৭/৮/২৩ ৭:৪২ অপরাহ্ন


এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে Findout & Rising to Road Surface Level with Repair & Maintenance of Existing DMA Assets (SV, ARV, SV Chamber, ARV Chamber and Washout Chamber) at DMA- 302 Area under MODS Zone-3, Dhaka WASA. কাজটি বাস্তবায়নের জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি সম্পাদনের জন্য মোটঃ ২,৭৯,০০১.৪৬৮ (দুই লক্ষ উনাশি হাজার এক দশমিক চার ছয় আট) টাকা মাত্রের প্রাক্কলনটির অনুমোদন।

খ) কাজটি বিশেষ ধরনের হওয়ায় পিপিআর-২০০৮ এর বিধি ৬৩(১) অনুযায়ী e-GP প্রক্রিয়ায় সীমিত দরপত্র পদ্ধতি (LTM)-তে CPTU প্রণীত Standard Tender Document e-PW2b অনুসরণে দরপত্র প্রণয়ন ও আহবান করে কাজটি সম্পাদন করার অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার “পানির লাইন রক্ষণাবেক্ষণ” (কোড নং- ০১-০৪-০০১) খাত এর ক্রমিক নং- B-13.3 হতে নির্বাহী করার অনুমোদন।


সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।




৭/৮/২৩ ৮:২৮ অপরাহ্ন
উত্তম সমদার
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩



৭/৮/২৩ ৮:৪৭ অপরাহ্ন
আনসার আহমেদ চকদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩



৮/৮/২৩ ১২:০৬ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি
দায়িত্ব)
মডস জোন-৩




৮/৮/২৩ ১২:০৬ অপরাহ্ন
শেখ মোহাম্মদ আনোয়ার
সান্তার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ৮/৮/২৩ ১২:১৩ অপরাহ্ন

প্রস্তাবমতে অনুমোদিত।




৮/৮/২৩ ১২:১৩ অপরাহ্ন
শেখ মোহাম্মদ আনোয়ার
সান্তার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১



৯/৮/২৩ ১০:৪৫ পূর্বাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি
দায়িত্ব)
মডস জোন-৩



৯/৮/২৩ ১১:৩৪ পূর্বাহ্ন
আনসার আহমেদ চকদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩



১০/৮/২৩ ২:৫৬ অপরাহ্ন
উত্তম সমদার
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩